

ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ, ঠাকুরগাঁও।

ফোন ও ফ্যাক্স : 0561-53650, ওয়েব ঠিকানাঃ www.tgmc.edu.bd ই-মেইল t_principal@tgmc.edu.bd

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে

ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ১৬/০৬/২০১৬ খ্রি.

এতদ্বারা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ১ম মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিওরক্যাশ এর মাধ্যমে ভর্তি ফি আদায় ও সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পাদন করা হবে।

ভর্তি ফরম ডাউনলোড, প্রিন্ট ও জমা প্রদান :

১. আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি কর্তৃক ফলাফল প্রকাশের পর থেকে ভর্তি কার্যক্রম শুরু হবে।
২. ১৮/০৬/২০১৬ থেকে ২২/০৬/২০১৬ সময়ের মধ্যে শিওরক্যাশ এর মাধ্যমে ভর্তি ফি জমা দিয়ে কলেজ ওয়েবসাইট থেকে ভর্তি ফরম ডাউনলোড করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৩. ভর্তি বিষয়ক ওয়েবসাইট : www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির জন্য মনোনয়ন ফরম ডাউনলোড করে ফরমের উপরে মোবাইলে প্রাপ্ত PIN ও মোবাইল নম্বর লিখতে হবে।
৪. Admission Roll (SSC'র রোল নং) এর বিপরীতে শিওরক্যাশের যেকোনো পার্সোনাল/এজেন্ট একাউন্ট থেকে ভর্তি ফি জমা দান করতে হবে। Payment Key Word: **TGWCI**
৫. ভর্তি ফি [বিজ্ঞান গ্রুপ: ১৯৯২/- , মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ : ১৯৫২/-] জমাদানের পর মোবাইলে একটি Transaction ID প্রদান করা হবে।
৬. অতঃপর Admission Roll ও Transaction ID ব্যবহার করে ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজের ওয়েব সাইটে (www.tgmc.edu.bd) On Line Admission অপশনে ক্লিক করে On Line-এ কলেজের ভর্তি ফরম পূরণ করতে হবে।
৭. পূরণকৃত ফরম ডাউনলোড করে প্রিন্ট কপি (২ কপি) নিম্নলিখিত কাগজপত্রসহ কন্ট্রোল রুমে ভর্তি কমিটির নিকট থেকে যাচাই, স্বাক্ষর ও সীল গ্রহণ করার পর প্রয়োজনীয় মূল ও ফটোকপিসহ কমিটির নিকট জমা দিতে হবে।

ভর্তি ফরমের সাথে যা জমা দিতে হবে :

১. এসএসসি/সমমান পরীক্ষার মূল অনলাইন রেজাল্ট শীট (বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা) ও মূল প্রশংসাপত্র।
 ২. এসএসসি/সমমান পরীক্ষার অনলাইন রেজাল্ট শীট, প্রশংসাপত্র, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (এক কপি করে)।
 ৩. পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ০৩ (তিন) কপি।
- বি. দ্র. : পরবর্তী সময়ে শিক্ষাবোর্ড একাডেমিক ট্রান্সক্রীপ্ট সরবরাহ করলে কলেজ কর্তৃক নির্ধারিত তারিখে তা কলেজে জমা দিতে হবে। মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট জমা না দিলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা সম্ভব হবে না।

উপরোক্ত ফি এর অতিরিক্ত প্রদেয় (ক্যাশ শাখায় রশিদমূলে নগদ প্রদান করতে হবে।)

১. পাঠ বিরতি ফি ১০০/- (প্রযোজ্য ক্ষেত্রে)।

ক্লাস শুরু: ১০ জুলাই ২০১৬ খ্রি.

► নির্ধারিত তারিখে কলেজ ইউনিফর্ম পড়ে ক্লাসে আসতে হবে এবং ওরিয়েন্টেশন ক্লাসে অংশগ্রহণ করতে হবে।

ছাত্রীদের ইউনিফর্ম : কামিজ : সাদা, সালোয়ার : সাদা, ওড়না : সাদা, জুতা : কালো বাটা সু , মোজা-সাদা, কার্ডিগান : ছাই রংয়ের, বোরকা (ঐচ্ছিক) : ছাই রংয়ের।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর চৌধুরী লায়লা আরজুমান্দ বানু)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ

ঠাকুরগাঁও।

(মোঃ আনিসুর রহমান)

সহকারি অধ্যাপক, অর্থনীতি ও

আহবায়ক

একাদশ শ্রেণিতে ভর্তি কমিটি/২০১৬-২০১৭

ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ, ঠাকুরগাঁও।

